বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৫৮

দৈনিক বাংলা

তারিখ 14 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৩

# এইচএসসি ঃ আরও ২৪৯৬ পরীক্ষার্থী বহিষ্কার

স্টাফ রিপোর্টার ঃ বৃহস্পতিবার অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় দেশের চারটি শিক্ষা বোর্ডে ২৪৯৬ জন পরীক্ষার্থী পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত হয়েছে। গতকাল ছিল ইংরেজী দ্বিতীয়পত্রের পরীক্ষা। কুমিল্লার লাকসাম ও চৌদ্দগ্রাম এবং হবিগঞ্জের নবীগঞ্জ কেন্দ্র ছাড়া আর সকল কেন্দ্রে পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে।

কুমিল্লার লাকসাম নওয়াব ফয়জুননেসা সরকারী কলেজ কেন্দ্রে ১৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করাকে কেন্দ্র করে বহিরাগত ও পুলিশের মধ্যে সংঘর্ষ হয়। পুলিশ লাঠিচার্জ ও টিয়ারগ্যাস ছোড়ে। বহিরাগতরা লাকসামের টিএনওর গাড়ি ভাংচুর করে। চৌদ্দগ্রাম

(৮-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **এইচএসসি ঃ**

সরকারী কলেজ কেন্দ্রে একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করায় বহিরাগতরা কলেজ অফিসে হামলা চালিয়ে ভাংচুর করে। তারা ম্যাজিস্ট্রেট ও অধ্যক্ষের ওপর হামলা চালায়। বহিরাগতরা টিএনওর বাড়িতেও ইটপাটকেল নিক্ষেপ করে। হবিগঞ্জ জেলার নবীগঞ্জ কেন্দ্রে দুজন পরীক্ষার্থীকে বহিষ্কার করায় বহিরাগতরা হবিগঞ্জের এডিসির (জেনারেল) গাড়ী ভাংচুর করে।

বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে রয়েছে ঢাকা বোর্ডে ১১৮৭ জন, কুমিল্লায় ২৫৪ জন, যশোরে ২৬২ জন এবং রাজশাহীতে ৭৯৩ জন।

## ঢাকা

ঢাকা বোর্ডে বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে রয়েছে ঢাকা মহানগরীতে ২৬ জন, ঢাকা জেলায় ৯ জন, গাজীপুরে ১৭৯ জন, নারায়ণগঞ্জে ২৪ জন, নরসিংদীতে ২৭ জন, মুন্সীগঞ্জে ১৮ জন, মানিকগঞ্জে ৮৪ জন, টাঙ্গাইলে ৯৬ জন, ময়মনসিংহে ১৭০ জন, জামালপুরে ৪৯ জন, কিশোরগঞ্জে ৪৪ জন, নেত্রকোনায় ২১৬ জন, শেরপুরে ৪১ জন, ফরিদপুরে ৩৪ জন, গোপালগঞ্জে ৩২ জন, রাজবাড়িতে ১৬ জন, মাদারীপুরে ৮৫ জন এবং শরীয়তপুরে ৩৭ জন।

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ ইংরেজী দ্বিতীয়পত্র পরীক্ষায় কুমিল্লা বোর্ডের পাঁচটি জেলায় ২৩৪ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে কুমিল্লায় ৮১ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ৪১ জন, লক্ষীপুরে ৪৭ জন, খাগড়াছড়িতে ৯ জন এবং চট্টগ্রামে ৫৬ জন রয়েছে।

## রাজশাহী

রাজশাহী থেকে স্টাফ রিপোর্টার জানান ঃ চলতি এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে আজ ইংরেজী দ্বিতীয়পত্রে শেষ খবর পাওয়া পর্যন্ত রাজশাহী শিক্ষা-বোর্ডের অধীন ১৬টি জেলার মধ্যে ১২টি জেলায় মোট ৭শ ৯৩ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে।

এর মধ্যে রাজশাহী-৮০, নবাবগঞ্জ-৭০, পাবনা-৮৯, নওগাঁ- ৩৪, দিনাজপুর- ১৯৮, ঠাকুরগাঁও- ৩৫, নীলফামারী-৩৭, লালমনিরহাট-২৯, কুড়িগ্রাম-১৩০, গাইবান্ধা- ১৪, পঞ্চগড়-২৩ এবং নাটোর জেলায় ৫৪ জন। কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

## যশোর

যশোর ব্যুরো জানায়, এইচএসসি পরীক্ষায় ইংরেজী ২য় পত্রে যশোর শিক্ষা বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে ২শ' ৬২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে নড়াইলে- ১১১, পিরোজপুরে- ৩৯, কুষ্টিয়ায়- ২৯, ঝিনাইদহে- ২৪, মাগুরায়- ১৮, যশোরে- ১৬, চুয়াডাঙ্গায়- ৯, বরিশালে- ৪, খুলনায়- ৩, বরগুনায়- ৩, ঝালকাঠিতে- ২ এবং পটুয়াখালী, ভোলা, বাগেরহাট ও সাতক্ষীরায়- ১ জন করে। কোন কেন্দ্র থেকে অপ্রীতিকর ঘটনার কোন সংবাদ পাওয়া যায়নি।

আমাদের নিজস্ব সংবাদদাতা ভৈরব থেকে জানান ঃ বৃহস্পতিবার এইচএসসি পরীক্ষার ভৈরব কেন্দ্র থেকে ইংরেজী দ্বিতীয়পত্র পরীক্ষা চলাকালীন দুইজন ছাত্রীসহ পাঁচজনকে নকল করার দায়ে হল থেকে বহিষ্কার করা হয়েছে। এ পর্যন্ত এ কেন্দ্র থেকে গত চারটি পরীক্ষায় ১৫ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।